রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**সোমবার, জুলাই ২৯, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ১৩ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ/ ২৮ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০২.২৪.১২০—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা টাস্কফোর্স'** নিম্নরূপে গঠন করেছে:

(ক) **টাস্কফোর্সের গঠন:**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রিপরিষদ সচিব | : | সভাপতি |
| (২) | সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | সচিব, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | সচিব, স্থানীয় সরকার বিভাগ | : | সদস্য |
| (৫) | সচিব, খাদ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| (৬) | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : | সদস্য |
| (৭) | সচিব, জননিরাপত্তা বিভাগ | : | সদস্য |
| (৮) | সচিব, কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |
| (৯) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | : | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (১০) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| (১১) | মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর | : | সদস্য |
| (১২) | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | : | সদস্য |
| (১৩) | মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর | : | সদস্য |
| (১৪) | মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয় (খাদ্য মন্ত্রণালয় সংশ্লিষ্ট) | : | সদস্য |
| (১৫) | মহাপরিচালক, বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন | : | সদস্য |
| (১৬) | চেয়ারম্যান, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | : | সদস্য-সচিব |

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) **টাস্কফোর্সের কার্যপরিধি:**

(১) নিরাপদ খাদ্য ব্যবস্থাপনার সাথে সংশ্লিষ্ট নিরাপদ খাদ্য আইন, ২০১৩; ভোক্তা অধিকার আইন, ২০০৯; ফরমালিন নিয়ন্ত্রণ আইন, ২০১৫; মৎস্য খাদ্য ও পশু খাদ্য আইন, ২০১০; পশু জবাই ও মাংসের মান নিয়ন্ত্রণ আইন, ২০১১; The Fish and Fish Products (Inspection and Quality Control) Ordinance, 1983; কৃষি বিপণন আইন, ২০১৮; বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনসটিটিউট আইন, ২০১৮; বাংলাদেশ হোটেল ও রেস্তোরাঁ আইন, ২০১৪ ইত্যাদি আইন বাস্তবায়নে সামঞ্জস্য ও সমন্বয় সাধনের বিষয়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

(২) খাদ্য স্থাপনা ও খাদ্য ব্যবসা সংক্রান্ত রেজিষ্ট্রেশন, লাইসেন্স ও নিয়ন্ত্রণ সহজীকরণে Single Source Food Licencing প্রথা প্রবর্তন;

(৩) আমদানি ও রপ্তানি বাণিজ্যে নিরাপদ খাদ্য সংশ্লিষ্ট বিষয়টিকে সর্বাধিক অগ্রাধিকার প্রদানে করণীয় নির্ধারণ;

(৪) জনসাধারণের জন্য নিরাপদ খাদ্য নিশ্চিতে সমসাময়িক প্রযুক্তি, 4IR প্রযুক্তির ব্যবহার বৃদ্ধিতে পরামর্শ প্রদান;

(৫) নিরাপদ খাদ্য নিশ্চিতে সরকারি ও বেসরকারি যৌথ গবেষণাকে উৎসাহিতকরণ ও সমন্বয়সাধন;

(৬) উৎপাদিত ও আমদানিকৃত খাদ্যপণ্যের ঝুঁকি মূল্যায়নপূর্বক ঝুঁকি ব্যবস্থাপনা সিস্টেম চালুকরণ এবং খাদ্যমান, গাইডলাইন ও রেগুলেশন প্রণয়নে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান;

(৭) আমদানি ও রপ্তানিকে গুরুত্ব দিয়ে দেশে উৎপাদিত খাদ্যপণ্যের উৎস সনাক্তকরণ (Traceability) নিশ্চিতে প্রয়োজনীয় নির্দেশনা ও পরামর্শ প্রদান;

(৮) Food Fraud-এর বিরুদ্ধে আইন প্রয়োগকারী ও খাদ্যপণ্য নিয়ন্ত্রণকারী সংস্থার সমন্বয়ে একটি টীম গঠন ও ধারাবাহিক মূল্যায়ন;

(৯) আন্তর্জাতিক পরিমন্ডলে বাংলাদেশের খাদ্য Safe for Human Consumption এ ব্রান্ডিং-এর বিষয়ে পরামর্শ প্রদান;

(১০) নিরাপদ খাদ্য নিশ্চিতে দক্ষ জনশক্তি গঠনের উদ্যোগ গ্রহণ ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদান;

(১১) খাদ্য নিরাপত্তা ও নিরাপদতার সাথে সংশ্লিষ্ট বিষয়গুলো নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের আওতায় আনয়নের ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান; এবং

(১২) নিরাপদ খাদ্য সম্পর্কিত অন্যান্য জরুরি বিষয়াদি যেগুলো কমিটির বিবেচনায় প্রয়োজনীয় ও গুরুত্বপূর্ণ, সে সব বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ ও নির্দেশনা প্রদান।

(গ) কমিটি প্রয়োজনবোধে সংশ্লিষ্ট যে কোনো ব্যক্তিকে কমিটির সদস্য হিসাবে কো-অপ্ট করতে অথবা কমিটির সভায় আমন্ত্রণ জানাতে পারবে।

(ঘ) কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

০২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(জাহেদা পারভীন)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd